# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

REACHING NATIONS

***India's National Spiritual Newspaper***

₹ 10/-

**Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN**

**Editor : S. SAM SELVA RAJ** | **16 Languages** | **Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH**

**Vol XXVI** YEAR OF OUR LORD JESUS CHRIST, 2024 SEPTEMBER **No. 8**


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীতসংহিতা ৫৬:১-১০

১। হে ঈশ্বর, আমার প্রতি কৃপা কর, কেননা মর্ত্ত্য আমাকে গ্রাস করিতে চাহিতেছে; সে সমস্ত দিন যুদ্ধ করিয়া আমার প্রতি উপদ্রব করে।

২। আমার গুপ্ত শত্রুগণ সমস্ত দিন আমাকে গ্রাস করিতে চাহিতেছে; কেননা অনেকে সদর্পে আমার বিরুদ্ধে যুদ্ধ করিতেছে।

৩। যে সময়ে আমার ভয় লাগে, আমি তোমাতে নির্ভর করিব।

৪। ঈশ্বরে আমি তাঁহার বাক্যের প্রশংসা করিব; আমি ঈশ্বরে নির্ভর করিয়াছি, ভয় করিব না; মাংসপিণ্ড আমার কি করিতে পারে?

৫। তাহারা সমস্ত দিন আমার বাক্য মোচড়ায়; তাহাদের সমস্ত সঙ্কল্প অনিষ্টের জন্য আমার বিরুদ্ধ।

৬। তাহারা একত্র হয়, ঘাঁটি বসায়, আমার পদচিহ্ন লক্ষ্য করে, এইরূপে তাহারা আমার প্রাণের অপেক্ষা করিতেছে।

৭। অধর্মের দ্বারা তাহারা কি বাঁচিবে? হে ঈশ্বর, ক্রোধে জাতিগণকে নিপাত কর।

৮। তুমি আমার ভ্রমণ গণনা করিতেছ; আমার নেত্রজল তোমার কুপাতে রাখ; তাহা কি তোমার পুস্তকে লিখিত নাই?

৯। সেই দিন আমার শত্রুগণ ফিরিয়া যাইবে, যে দিন আমি ডাকি, আমি ইহা জানি যে, ঈশ্বর আমার সপক্ষ।

১০। ঈশ্বরে আমি (তাঁহার) বাক্যের প্রশংসা করিব; সদাপ্রভুতে (তাঁহার) বাক্যের প্রশংসা করিব।



## আপনার অভিশাপগুলি আশীর্ব্বাদে পরিণত হবে।

**TURN YOUR CURSES INTO BLESSINGS!**

(প্রধান মণ্ডলীতে পাস্টর এস. স্যাম সেলভা রাজ কতৃক প্রদত্ত বাণী)

**"...আমি তোমার সম্মুখে জীবন ও মৃত্যু, আশীর্ব্বাদ ও শাপ রাখিলাম। অতএব জীবন মনোনীত কর, যেন তুমি সবংশে বাঁচিতে পার; তোমার ঈশ্বর সদাপ্রভুকে প্রেম কর, তাঁহার রবে অবধান কর, ও তাঁহাতে আসক্ত হও; কেননা তিনিই তোমার দীর্ঘ পরমায়ুস্বরূপ..."** (২ বিবরণ ৩০:১৯,২০)।

সমস্ত মানুষের মধ্যে যে প্রাথমিক এবং সাধারণ সমস্যা দেখা যায় তা হচ্ছে যে আমরা সকলেই বিপথগামী হয়েছি। আমরা নরহত্যা, ব্যভিচার, অথবা চুরি না করে থাকতে পারি, কিন্তু আমরা সকলেই একটি বিশেষ কিছু করেছি: আমরা সকলেই ঈশ্বরের দিক থেকে আমাদের মুখ ঘুরিয়ে নিয়ে আমাদের নিজেদের পথে চলেছি এবং তাঁর বিরুদ্ধে পাপ করেছি। হিব্রু ভাষায় এই আচরণকে বলা হয় **'অ্যাভন'**, যার ইংরাজী অনুবাদ হচ্ছে **'অধর্ম'**।' যা আরও বিস্তারিতভাবে ব্যাখ্যা করা যায় **'অনমনীয়'**। আমাদের মধ্যস্থ এই স্বভাব হচ্ছে ঈশ্বর বিরুদ্ধ। এই 'অধর্ম' এবং 'অনমনীয়' শব্দ দুটি হিব্রু 'অ্যাভন' শব্দটির সম্পূর্ণ অর্থ প্রকাশ করে না। 'অ্যাভন' শব্দটির মধ্যে অধর্মের পরিণতিগুলির এবং অনমনীয় চিন্তাগুলি অন্তর্ভূক্ত।

উদাহরণস্বরূপ, কয়িন যখন তার ভাই হেবলকে হত্যা করেছিল, সে সদাপ্রভুকে বলেছিল, ..."আমার অপরাধের ভার অসহ্য!" (আদি ৪:১৩)। হিব্রু ভাষায় 'অ্যাভন' শব্দটি এই প্রসঙ্গে **শাস্তি** হিসাবে ব্যবহৃত

*ক্রমশ: ৩য়পৃষ্ঠায়*




তাঁর আহ্বানের প্রতিধ্বনি

**ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!**

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

**৫ মিনিটের বাণী!!**

**তামিল এবং তেলেগু - ভোর ৫টা**

**তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০**

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



REACHING NATIONS

## *from your dearly beloved brother...*



> "আমাদের দৈন্য অবস্থায় তিনি আমাদের স্মরণ করলেন, তাঁর দয়া অনন্তকালস্থায়ী ।"-- গীতসংহিতা ১৩৬:২৩

**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।

যীশু খ্রীষ্টে প্রিয় ভাই এবং বোনেরা,

আমাদের প্রভু এবং ত্রাণকর্তার অপূর্ব নামে আমরা আপনাদের শুভেচ্ছা জানাই। আমরা অবিরত আপনাদের মঙ্গলের জন্য প্রার্থনা করি। সদাপ্রভু ঈশ্বর আমাদের সমস্ত কার্যকলাপকে আশীর্বাদ করেছিলেন, এর মধ্যে ৯ই আগস্ট থেকে ১১ই আগস্ট পর্যন্ত আমাদের ৫৬তম বর্ষপূর্তি উপলক্ষ্যে অনুষ্ঠিত সমাবেশ অনুষ্ঠানটিও অন্তর্ভুক্ত, যেখানে তাঁর নাম গৌরবান্বিত হয়েছিল।



জেনোভা এলানগোভান

আমাদের প্রধান মণ্ডলীর এক ঘনিষ্ঠ সহকর্মী, এবং আমাদের পাস্টর ই.কমল স্যামসনের মা, সিস্টার জেনোভা এলানগোভানস, গত ২৯শে জুলাই, ২০২৪ তারিখে পরলোক গমন করেছেন। প্রধান মণ্ডলীর তিনি একজন সমর্পিত এবং কঠোর পরিশ্রমী ব্যক্তি ছিলেন। অনুগ্রহ করে তাঁর পরিবারের সদস্যদের জন্য প্রার্থনা করবেন।

ভারী বৃষ্টিপাতে, দক্ষিণ পশ্চিম ভারতের রাজ্য, কেরালার ওয়ানাড়ে ভূমিধবসে, ভয়ঙ্কর বিপর্যয়ে আমরা গভীরভাবে মর্মাহত। অসংখ্য লোক তাদের প্রিয়জনকে এবং বিষয় সম্পত্তি হারিয়েছে। তাদের পুনর্বাসনের জন্য সারা পৃথিবীতে আমাদের বন্ধুদের কাছে আমরা সাহায্যের হাত বাড়িয়ে দেবার জন্য বিনীত অনুরোধ জানিয়েছি।

কেরালা হচ্ছে ভারতের প্রথম রাজ্য যেখানে ৫২ খ্রীষ্টাব্দে আমাদের প্রভু যীশু খ্রীষ্টের শিষ্য সাধু থোমা পদার্পণ করেছিলেন। এটি হচ্ছে সেই স্থান যেখানে আমাদের মালয়ালাম সম্পাদক, বেনজামিন মোজেস, তাঁর সহযোগী মোহন কুমার, এবং আমাদের ইংরাজী সম্পাদক, সিস্টার সাজিনি চেরিয়ান বাস



ইভ. বেনজামিন মোজেস



ব্রাদার মোহন কুমার



সিস্টার সাজিনি চেরিয়ান

করেন। সাধু থোমা এই চেন্নাই শহরে সাক্ষ্যমর হয়েছিলেন, যেখানে আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলি অবস্থিত।

আপনারা সচেতন আছেন, আমরা আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার মধ্যে একটি নতুন

HON. EDITOR-IN-CHIEF
Rev. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.
MANAGING EDITOR
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.
GENERAL MANAGER
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM., MBA.
ADMINISTRATION
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)
EDITORIAL BOARD
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Rev. Dr. K.R. Rajasekaran
EDITOR, PUBLISHER & PRINTER
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858 95661 31858
E.MAIL
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in
WEBSITES
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com
YOUTUBE CHANNEL
Echo of His Call

**Our Ministries:** ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) · BIBLECOR - Postal Courses (3 languages) · YouTube Ministry · Online Courses · Theological Correspondence Courses (2 languages) · Church Planting · Nehemiah Bible Colleges · Gospel Printing Press · Great Commission Partners · St. Paul's Matriculation School · Crusades · Community Development

বিভাগ প্রতিষ্ঠা করেছি, সেটি হচ্ছে গ্লোবাল ভিসন ফর ইয়ূথ অ্যাণ্ড কিড কেয়ার। প্রতিদিন, ঠিক রাত ১০টার সময়, সারা পৃথিবীর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার সদস্যরা প্রার্থনার জন্য একত্রিত হন। এই প্রার্থনা সংক্ষিপ্ত কিন্তু শক্তিশালী:

**"আমাদের সদাপ্রভু ঈশ্বর, তুমি সারা পৃথিবীর ছোট বালক, বালিকা এবং শিশুদের প্রতি সতর্ক দৃষ্টি রাখো। প্রভু যীশু খ্রীষ্টের নামে এই প্রার্থনা চাই। আমেন!"**

আপনারা যেখানেই থাকুন না কেন, আমাদের এই প্রার্থনার উদ্যোগের সঙ্গে যুক্ত হওয়ার জন্য আপনারা সকলে আমন্ত্রিত।

এই আন্দোলনটি আমাদের প্রধান মণ্ডলীতে এবং সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে, বিশেষ করে ইয়ূথদের মধ্যে উল্লেখযোগ্য উদ্দীপনার স্ফুলিঙ্গ সৃষ্টি করেছে। সারা বিশ্ব থেকে আমরা আমাদের বন্ধুদের কাছ থেকে অসংখ্য সাক্ষ্য পাচ্ছি।



***A conference held in the Main Church***

১১ই আগস্ট, আমরা আমাদের প্রধান মণ্ডলীতে কিশোর কিশোরীদের একটি অধিবেশনের আয়োজন করেছিলাম। সমস্ত গৌরব এবং সম্মান প্রভু যীশু খ্রীষ্টের।

যাইহোক, আমরা যেহেতু উদ্যম এবং অঙ্গিকারের সঙ্গে সামনের দিকে এগিয়ে চলেছি, সেহেতু আমাদের অনেক সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। দিয়াবল আমাদের বিভিন্ন পরিচর্যার কর্মীদের সদস্যদের লক্ষ্য করছে, এবং এর ফলে তারা এমনভাবে শারীরিক এবং আর্থিক হতাশার সম্মুখীন হচ্ছে যা ভাষায় প্রকাশ করা যায় না। তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলি সম্প্রতি তাৎপর্যপূর্ণ আর্থিক চাপের মধ্যে আছে, এবং আমরা আন্তরিকভাবে আপনাদের প্রার্থনার জন্য অনুরোধ জানাচ্ছি। অনুগ্রহ করে রাত ১০টার সময় "বিশ্বব্যাপী আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির কর্মীদের এবং নেতাদের কল্যাণের উপর" ফোকাস করে প্রার্থনার বিষয়টি অবশ্যই আপনাদের প্রার্থনার মধ্যে অন্তর্ভুক্ত করবেন। এছাড়াও বিশ্বব্যাপী ইয়ূথ এবং শিশুদের জন্যেও প্রার্থনা করবেন।

আমাদের লক্ষ্য হচ্ছে সারা পৃথিবীর সমস্ত খ্রীষ্টিয় সম্প্রদায়ভুক্ত বাধাবিপত্তিগুলোকে অতিক্রম করে মণ্ডলীগুলিতে একটি শক্তিশালী উদ্দিপনার জন্য অধ্যবসায়ের সঙ্গে প্রার্থনা করা এবং পরিশ্রম করা।

প্রিয় পাঠক আমরা আমাদের হৃদয়ের মধ্যে আপনাদের ধরে রেখেছি এবং আপনাদের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক তৈরী করার চেষ্টা করছি। আপনারা অবাধে আমাদের কাছে পৌঁছাতে পারেন অথবা আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব চ্যানেলের ৫-মিনিটের দৈনিক অনুষ্ঠানের সঙ্গে যুক্ত হতে পারেন।

ঈশ্বর আপনাদের প্রচুর রূপে আশীর্ব্বাদ করুন।

ভালোবাসা এবং কৃতজ্ঞতা সহ,

যীশু খ্রীষ্টে আপনাদের দাস,

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং অ্যালেকস্ স্যামসন স্যাম।**
(+91) 98412 71858 / 98410 71858,
E.mail : samselvaraj333@gmail.com

## তাঁর আহ্বানের প্রতিধ্বনির পাঠকগণ: অনুগ্রহ করে মনোযোগ দিন

আমাদের ৫ মিনিটের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব চ্যানেলের** বাণীগুলি প্রতিদিন ভোর ২টোর সময় তামিল, তেলুগু, ইংরাজী এবং হিন্দি ভাষায় সম্প্রচারিত হয়। এই বাণীগুলি দেখার দ্বারা আপনি ঈশ্বরের অনুগ্রহ লাভ করতে পারেন।

এছাড়াও আপনারা আমার নিম্নলিখিত ব্যক্তিগত ফোন নম্বরগুলি আপনাদের মোবাইল ফোনে সেভ করতে পারেন: (+91) 98412 71858 / 98410 71858

— **পাস্টর এস. স্যাম সেলভারাজ**

*(ক্রমশঃ, ১ম পাতার পর)*

হয়েছে। এই শব্দটি কয়িনের অধর্ম এবং শাস্তি উভয় বিষয় বুঝানোর জন্য ব্যবহৃত হয়েছে। বিলাপ পুস্তকে চার অধ্যায়ের ৬ এবং ১৩ পদটিতে 'অ্যাভন' শব্দটি এই নিয়ম প্রসঙ্গে ব্যবহৃত হয়েছে।

**"আমার প্রজাদের শাস্তি সদোমের লোকদের চেয়েও বেশি..."** (বিলাপ ৪:৬)

**"কিন্তু তার ভাববাদীদের পাপের জন্য এইরকম ঘটেছে, এবং তার যাজকদের শঠতার জন্য, যারা তারই মধ্যে বসে ধার্মিক লোকদের রক্তপাত করেছে"** (বিলাপ৪:১৩)।

আমরা আজকের অসংখ্য পরিবারের মধ্যে ঈশ্বরের অসংখ্য অভিশাপের সাক্ষ্য দেখতে পাচ্ছি। এমনকী খ্রীষ্টিয় পরিবারগুলির মধ্যে বড় দুর্দশা, ভুল বোঝাবুঝি, এবং বিভ্রান্তির কাজ দেখতে পাচ্ছি। আমি এখানে কয়েকটি অভিশাপের রূপরেখা তৈরী করবো যা সদাপ্রভু ঈশ্বর স্বয়ং তাঁর অবাধ্য সন্তানদের উপর ঘোষণা করেছেন (দ্বি.বি. ২৮:২০,২২,২৭,২৮)।

**"মন্দ কাজ করে সদাপ্রভুকে ত্যাগ করার অপরাধে তোমাদের সমস্ত কাজে তিনি তোমাদের অভিশাপ দেবেন, বিশৃঙ্খলায় ফেলবেন ও তিরস্কার করবেন, যতক্ষণ না তোমরা হঠাৎ ধ্বংস হয়ে নির্মূল না হও"** (দ্বি.বি. ২৮:২০)।

**"তোমরা যে দেশ অধিকার করতে যাচ্ছ সেখান থেকে যতক্ষণ না তোমরা ধ্বংস হও ততক্ষণ সদাপ্রভু তোমাদের মধ্যে বিভিন্ন রোগের মহামারি আনবেন"** (দ্বি.বি. ২৮:২১)।

**"সদাপ্রভু তোমাদের ক্ষয়রোগ, জ্বর, জ্বালা, প্রচণ্ড উত্তাপ ও তরোয়াল, তার সঙ্গে উদ্ভিদের রোগ ও ছত্রাক দ্বারা মহামারি আনবেন যতক্ষণ না তোমরা ধ্বংস হও"** (দ্বি.বি. ২৮:২২)।

**"সদাপ্রভু তোমাদের মিশরীয়দের সেই ফোঁড়া, আব, ফোস্কা এবং চুলকানি যন্ত্রণা**

**দেবেন, যা তোমরা ভালো করতে পারবে না"** (দ্বি.বি. ২৮:২৭)।

**"সদাপ্রভু উন্মত্ততা, অন্ধত্ব ও চিত্তের বিভ্রান্তি দ্বারা তোমাকে আঘাত করবেন"** (দ্বি.বি. ২৮:২৮)।

## ক। অভিশাপের চিহ্নগুলি

চিহ্নগুলির আবিষ্কার অভিশাপের উপস্থিতির ইঙ্গিত দেয়, যার মধ্যে বিভিন্ন প্রকাশগুলি স্পষ্ট হয়ে ওঠে।

### ১। মানসিক বিষন্নতা

যখনই কোনও একজন ব্যক্তি তার জীবনে বিভিন্ন ব্যর্থতা এবং বিভিন্ন দুর্দশার ভারে জর্জরিত হয় তখনই সে মানসিকভাবে বিষাদগ্রস্ত হয়ে পড়ে। এই আবেগের ভার তাকে স্বাভাবিক কার্যকলাপে যুক্ত থাকতে অক্ষম করে দেয়, যা তাদের অস্বাভাবিক অবস্থার মধ্যে পরিচালিত করে। অধিকন্তু, কিছু সংখ্যক ব্যক্তি কাল্পনিক বিভিন্ন পরিস্থিতির জগতের মধ্যে গবেষণা চালায়, বিভিন্ন মিথ্যার মধ্যে যুক্ত হয় এবং তাদের মনের মধ্যে তাদের নিজের তৈরী কাল্পনিক বিষয়গুলির বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হয়।

### ২। অলসতা

উৎপাদনশীলতার পর্যাপ্ত সুযোগসুবিধা থাকা সত্ত্বেও এবং কার্যকলাপের জন্য অনুকুল অবস্থা থাকা সত্ত্বেও, নির্দিষ্ট কিছু সংক্ষক ব্যক্তি অলসভাবে জীবন যাপন করে। তারা তাদের অকর্মন্যতার জন্য অন্যান্য অথবা বিশেষ কিছু ঘটনার মতো বাহ্যিক বিষয়গুলির অজুহাত দেখায় যা তাদের জীবনে ঘটেছে, যা অলসতার একটি চক্রকে দীর্ঘস্থায়ী করে যা তাদের দিনগুলিতে প্রসারিত হয়।

### ৩। অদ্ভুত জিনঘটিত রোগসমূহ

কয়েকটি নির্দিষ্ট পরিবারের মধ্যে, স্বতন্ত্র রোগ বা বংশগত সমস্যাগুলির উত্তরাধিকার প্রজন্মের পর প্রজন্ম ধরে প্রকাশিত হয়, একটি পুনরাবৃত্ত প্যাটার্ন তৈরী করে যা পারিবারিক বংশকে রেখাঙ্কিত করে।

### ৪। বারংবার গর্ভপাত বা নির্বীজন

দুটি পাশাপাশি অবস্থিত জমির চাষের মধ্যে এক আকর্ষণীয় বৈপরীত্য দেখা যায়, উভয় জমিই রোপণ এবং চাষের জন্য অত্যন্ত সতর্কভাবে প্রস্তুত করা হয়েছিল। যখন একটি জমিতে প্রচুর ফলন হয়েছিল, তখন অন্যটিতে কোনও ফসল হয়নি, একই অবস্থা এবং চাষের পদ্ধতি অবলম্বন করা সত্ত্বেও অন্য জমিটি প্রচুর ফসল উৎপন্ন করতে পারেনি।

একইভাবে, কিছু মহিলার শারীরিক স্বাস্থ্য ভালো থাকা সত্ত্বেও, তারা ব্যাখ্যাতীত ভাবে বারংবার গর্ভপাতের সম্মুখীন হন। অন্যরা কোনও স্পষ্ট কারণ ছাড়াই গর্ভবতী হওয়ার বিষয়ে সংগ্রাম করেন, যখন অন্য কিছু সংখ্যক মহিলা বিভিন্ন স্বাস্থ্যসংক্রান্ত সমস্যা অথবা বংশগত ব্যাধিসহ সন্তান প্রসব করেন।

### ৫। দেরীতে বিবাহ এবং ভগ্ন বিবাহ

এছাড়াও, দেরীতে বিবাহ এবং ভগ্ন বিবাহ কিছু সংখ্যক ব্যক্তির জীবনকে আঘাত করে। অনেক চেষ্টা করেও, কয়েক জন অবিবাহিত থেকে যান, যখন কিছু সংখ্যক দম্পতি তাদের সম্পর্কের মধ্যে সংহতি বজায় রাখতে পারে না এবং যার ফলে তারা বিবাহ বিচ্ছেদ করতে বাধ্য হয়। এই ধরণের সহনশীলতার অভাব এবং আইনী হস্তক্ষেপের চেষ্টা করতে আগ্রহী না হওয়ার বিষয়টি তাদেরকে ব্যক্তিগত সমস্যাগুলির চক্রের দিকে এবং বিবেক বর্জিত উকিলদের দ্বারা আর্থিক শোষনের দিকে চালিত করে।

### ৬। বিদ্যমান দারিদ্র এবং ব্যর্থতা

বিদ্যমান দারিদ্র এবং অবিরত ব্যর্থতা নির্দিষ্ট কিছু ব্যক্তিকে ভীষণভাবে দুর্দশাগ্রস্ত করে যারা নিজেদেরকে এক ভয়ঙ্কর ক্লেশ এবং হতাশার মধ্যে দেখতে পায়। এই কঠোর চক্র তাদের বিষাদগ্রস্ত করে তোলে, তাদের কাছে জীবনটা মনে হয় অর্থহীন এবং তাদের মধ্যে আত্মহত্যা করার চিন্তা আসে।

এছাড়াও, কিছু ব্যক্তি দুর্ভাগ্যের দ্বারা আকর্ষিত হয়, তারা তাদের জীবনে মাঝে মাঝেই দুর্ঘটনার শিকার হন।

## খ। অভিশাপ কীভাবে মানবজাতিকে প্রভাবিত করে?

হিতোপদেশ ২৬:২ পদ অনুসারে, **"...অযাচিত অভিশাপও শান্ত হয় না।"**

এই চিহ্নগুলি একটি অভিশাপের বেদনাদায়ক সূচক হিসাবে কাজ করে, দুর্দশা এবং সমস্যার একটি ধারাবাহিক বর্ণনা বয়ন করে যা ব্যক্তির জীবনে বিভিন্নভাবে প্রকাশিত হয়।

### ১। অভিশাপগুলি ঈশ্বরের আদেশগুলির অবাধ্যতার মাধ্যমে প্রকাশ পায়:

মানবজাতির অস্তিত্বের প্রথম দিনগুলি থেকে ঈশ্বরের অভিশাপ বিদ্যমান আছে, আমাদের আদি

*(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)*

RESIDENTIAL BIBLE COURSE
NEHEMIAH BIBLE COLLEGE, Chennai.

ECHO OF HIS CALL 1968-2018
GOLDEN JUBILEE
REACHING NATIONS

Medium : Hindi

Recognised by International Christian Leaders & Senior Pastors for the past 54 years

Rush for Admission!

Diploma in Theology

Qualification : 10th Standard & above

Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
★ ONLINE CLASSES ARE AVAILABLE ★

# মহান আদেশ অংশীদারগণ

ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং
উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**PRAISE & PRAYER POINTS - From September 19 To October 18, 2024**

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

## প্রশংসার বিষয়সমূহ

**সেপ্টেম্বর ১৯ :** ঈশ্বর আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত সুসমাচার সাহিত্যকে আশীর্ব্বাদ করেছেন যা আমাদের প্রিন্টিং প্রেস থেকে মুদ্রিত হয় এবং মিশনক্ষেত্রগুলিতেপাঠিয়ে দেওয়া হয়।

**দিন ২০:** আমাদের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার** ইউ টিউব মিডিয়া মিনিস্ট্রীর পাঁচ মিনিটের বাণী প্রচারের কারণ বিভিন্ন সাক্ষ্য দ্বারা আমাদের আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২১:** আমাদের **সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজ এবং ডাকযোগে ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রমের** সমস্ত কার্যকলাপকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২২: তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকা পরিচর্যাকে** সাহায্য করার জন্য সমর্পিত সহযোগী সম্পাদকদের দিয়ে আমাদের আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৩:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখা মণ্ডলীগুলির রবিবাসরীয় উপাসনা সভাগুলিতে ঈশ্বরের বাক্যের শক্তির জন্য।

**দিন ২৪:** আমাদের সুসমাচার প্রিন্টিং প্রেস এবং দক্ষ কর্মীদের দ্বারা এর অবিরত কাজের জন্য।

**দিন ২৫:** ২০২৪ সালের আগস্ট মাসে আমাদের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যা** ৫৬তম বর্ষে প্রবেশ করার বিষয়ে আমাদের আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৬:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের তাঁর অসীম করুণার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৭:** আমাদের বাইবেল করেসপণ্ডিং কোর্স এবং **থিওলজিকাল করেসপণ্ডিং কোর্সের** বৃদ্ধির জন্য।

**দিন ২৮:** ২০২৪ সালের ১০ই আগষ্ট অনুষ্ঠিত আমাদের ৫৬ বর্ষপূর্তি উদযাপন অনুষ্ঠানটিকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৯:** আমাদের বরিষ্ঠ পালক এবং বহুমুখী পরিচর্যাগুলির মাধ্যমে সুসমাচার প্রচারের প্রতি তাঁর অঙ্গীকারবদ্ধতার জন্য।

**দিন ৩০:** আমাদের মণ্ডলীতে নতুন বিশ্বাসীসহ আশীর্ব্বাদ করার জন্য।

**অকটোবর ০১:** মিশন কর্মীদের মহান অঙ্গীকারের জন্য।

**দন ০২: আমাদের বরিষ্ঠ পাস্টর এস.স্যাম সেলভারাজ এবং তাঁর পরিবারের সদস্যদের স্বর্গীয় সুরক্ষা এবং সুস্বাস্থ্য দ্বারা আশীর্ব্বাদ করার** জন্য।

**দিন ০৩:** চলতি শিক্ষা বর্ষে দ্বিতীয় সেমিস্টারে প্রবেশ করতে নহিমিয় বাইবেল কলেজগুলিকে আশীর্ব্বাদ করার জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ৪:** মদ্যপানে এবং মন্দ কাজে আসক্ত প্রত্যেক ব্যক্তির মধ্যে অনুতাপ আনার জন্য।

**দিন ৫:** সারা পৃথিবীর সমস্ত মহিলা এবং শিশুদের নিরাপত্তার জন্য।

**দিন ৬: তাঁর আহ্বানের প্রতিধ্বনির** ইয়ূথ এবং আউটরিচ্ পরিচর্যাগুলির জন্য।

**দিন ৭:** আমাদের বরিষ্ঠ পাস্টর এস.স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের সুস্বাস্থ্যের জন্য।

**দিন ৮:** ভারতের সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে পৌঁছাতে আমাদের সক্ষম করার জন্য।

**দিন ৯:** আমাদের সিংহলা পত্রিকা দলের সিস্টার মঞ্জুলার অসুস্থতা থেকে সম্পূর্ণ সুস্থতার জন্য।

**দিন ১০:** পৃথিবীতে তাঁর রাজ্য স্থাপনের জন্য আমাদের সুনির্দিষ্ট দর্শন দানের জন্য।

**দিন ১১:** দক্ষিণ ভারতের কেরালার ওয়ানাঁরের সাম্প্রতিক ভূমিধবসের বিপন্ন লোকেরা যেন দ্রুত স্বাভাবিক অবস্থায় ফিরে আসে।

**দিন ১২:** আমাদের অংশীদার এবং রাজ্য সমন্বয়কারীদের এবং তাদের পরিবারের সদস্যদের জন্য।

**দিন ১৩:** সমস্ত দেশে ঐক্য এবং শান্তির জন্য।

**দিন ১৪:** আমাদের গসপেল প্রিন্টিং প্রেসের আশীর্ব্বাদের জন্য।

**দিন ১৫:** আমাদের পরিচর্যা সংক্রান্ত সম্প্রসারণ এবং সারা পৃথিবী ব্যাপী সুসমাচার প্রচারের জন্য।

**দিন১৬:** পৃথিবীর বিভিন্ন প্রান্তে অর্থনৈতিক মন্দার অবসানের জন্য।

**দিন ১৭:** নিপীড়িত লোকদের অর্থনৈতিক উন্নতির জন্য।

**দিন ১৮:** সমস্ত দেশগুলির ঈশ্বরকে ভয়কারী নেতাদের আশীর্ব্বাদের জন্য।

*(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)*

পিতা ও মাতা, আদম এবং হবার সময় এদোন উদ্যানে থাকাকালীন সময় থেকে ঈশ্বরের অসন্তোষের কারণে এটি প্রবেশ করেছিল। প্রাথমিকভাবে আশীর্ব্বাদযুক্ত হওয়া সত্ত্বেও, তাদের অবাধ্যতা মানুষের জীবনে অভিশাপের ভূমিকার প্রতি চালিত করেছিল।

তাদের একটি বিশেষ গাছের ফল ছাড়া উদ্যানের সমস্ত গাছের ফল ভোজন করার সম্মতি ছিল। যাইহোক,শয়তানের প্ররোচনার প্রভাবের দ্বারা, তারা সদাপ্রভু ঈশ্বরের দ্বারা নিষিদ্ধ ফলটি ভোজন করেছিল। আদম কতৃক এই অবাধ্যতার কাজের ফল হিসাবে ঈশ্বরের অভিশাপ তাদের উপর এসেছিল। আদি ২:১৫ থেকে ৩:২৪ পদের মধ্যে আমরা এই ঘটনার বর্ণনা পাই।

আমরা জগতের লোকদের কাছে ঘোষণা করি যে যীশু খ্রীষ্ট হচ্ছেন মানবজাতির ত্রাণকর্তা। তাঁর জন্ম হচ্ছে তাঁর মৃত্যু এবং পুনরুত্থানের মতো একটি নথিভুক্ত ঐতিহাসিক ঘটনা। আমরা প্রচার করি যে প্রভু যীশু খ্রীষ্টের মাধ্যমে, আমাদের পাপের ক্ষমা হয়েছে, প্রত্যেক ব্যক্তির তাঁর সন্তান হওয়ার জন্য অবশ্যই তাঁকে গ্রহণ করতে হবে। প্রাথমিকভাবে, একজন ব্যক্তিকে অবশ্যই ঈশ্বরের রাজ্যের এবং তাঁর ধার্মিকতার বিষয় অনুসন্ধান করতে হবে, যারপর জাগতিক আশীর্ব্বাদগুলি তাকে অনুসরণ করবে। আমরা ধার্মিক জীবন যাপন করার এবং বিভিন্ন উপায়ের মাধ্যমে অধার্মিক কাজগুলি এড়িয়ে যাবার বিষয় শিক্ষা দিই। লক্ষ লক্ষ লোকেরা এই স্বর্গীয় বাণী শোনা সত্ত্বেও, খুব কম সংখ্যক ব্যক্তি এই বাণী আগ্রহের সঙ্গে গ্রহণ করে, যীশু খ্রীষ্টকে তাদের ব্যক্তিগত ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করে,পিতা, পুত্র এবং পবিত্র আত্মার নামে বাপ্তিস্ম গ্রহণ করে এবং পবিত্র আত্মার দ্বারা চালিত হয়।

এছাড়াও, আমরা খ্রীষ্টানদের বুঝাই যে, তাদের খ্রীষ্টিয় শিক্ষাগুলির সঙ্গে দৃঢ়ভাবে যুক্ত থাকা উচিত, তাঁর জীবনের পথ অনুকরণ করা উচিৎ, এবং তাঁর সেবা করা উচিৎ। যদিও আপনি শুনে থাকতে পারেন, প্রায়ই এই শিক্ষাগুলি ব্যবহারিক জীবনে অনুশীলন করতে আমরা দ্বিধাবোধ করি। মণ্ডলী হচ্ছে একটি পবিত্র স্থান যেখানে প্রবেশের জন্য আরাধনা করা অপরিহার্য বিষয়। এটি অত্যন্ত জরুরী বিষয় যে চার্চে প্রবেশ করার সময় আরাধনার ওপর ফোকাস করার বিষয় মনযোগ স্থির করতে হবে, সমস্ত অপবিত্র চিন্তাগুলোকে এবং গূঢ় অভিপ্রায়গুলোকে বর্জন করতে হবে। আরাধনায় যেন কোনও চিত্তবিক্ষেপ অথবা কোনও বাধা না ঘটে তার জন্য আপনার মোবাইল ফোনের সুইচ অফ রাখার বিষয়টি মনে রাখবেন।

**মণ্ডলীতে পোষাক এবং আচরণের নিয়মাবলি:** অনুগ্রহ করে নিজেকে বিনয়ী এবং শালীনভাবে সাজান, এমন পোশাক এড়িয়ে চলুন যা অন্যদের মধ্যে অনুপযুক্ত চিন্তার উদ্রেক করতে পারে।

সেই সমস্ত কাজগুলি থেকে বিরত থাকুন যা অনুপযুক্ত সম্পর্কগুলির দিকে চালিত করতে পারে।

পুরুষদের মেয়েদের মতো অতিদীর্ঘ কেশ না রাখার বিষয়ে উপদেশ দেওয়া হচ্ছে যখন মেয়েদের পুরুষদের মতো ছোট কেশ না রাখার বিষয় উৎসাহিত করা হচ্ছে।

মণ্ডলীর সভাগুলিতে ঠিক সময় আসুন এবং শেষ পর্যন্ত থাকুন, আয়োজিত সভাগুলির প্রতি সম্ভ্রম দেখান।

এই কাজগুলি প্রভুকে সন্তুষ্ট করে।

**প্রচারের প্রতি আমাদের মনোভাব:**

কয়েক জন ব্যক্তি এই শিক্ষাগুলির তারিফ নাও করতে পারেন, বিশেষ করে যারা সেই সমস্ত মণ্ডলীগুলি পছন্দ করেন, যে মণ্ডলীগুলি আরও অধিক সহনশীল জীবনধারা অনুমোদন করে। তারা বিশাল লোকদের উপাসক মণ্ডলী পাওয়ার চেষ্টা করে যেখানে তারা সহজেই ভিড়ের মধ্যে মিশে যেতে পারবে, যেখানে তাদের কেউ লক্ষ্য করবে না এবং তারা তাদের খুশি মতো জীবন যাপন করতে পারবে।

**ধার্মিকতা থেকে বিচ্যুতির পরিণতিগুলি:**

নৈতিক পথ নির্দেশিকা বিরোধী জীবন যাপন এই প্রশ্নটি উত্থাপন করে যে ঈশ্বর কীভাবে তাঁর অসন্তুষ্টির বিষয়টি ধরে রাখেন।

এই বিচ্যুতির ফল স্বরূপ প্রচুর বিশ্বাসী নেতাদের জীবনে দর্শনের অভাব ঘটে, তাদের জীবনে অলৌকিক ঘটনাগুলির অভাব হয়, এবং তাদেরকে মৌলিক আত্মিক বিরোধীতার সম্মুখীন হতে হয়। অসংখ্য লোক আছেন যারা নিজেদের বিশ্বাসী বলে ঘোষণা করেন কিন্তু তাদের প্রকৃত পরিত্রাণের অভিজ্ঞতার অভাব আছে।

মণ্ডলীর মধ্যে বিদ্যমান এই অবস্থাগুলি স্বর্গীয় শাস্তির পরিণতিগুলি প্রতিফলিত করে।

## ২। স্ব-আরোপিত অভিশাপ

**"...তোমার মুখের কথাই তোমাকে ফাঁদে ফেলেছে",** হিতোপদেশ ৬:২ পদের এই উদ্ধৃতাংশটি একজন মানুষের জীবনের বলা কথাগুলোর উপর প্রভাবের বিষয়টি ব্যাখ্যা করে।

বেশি দিন না বাঁচার বিষয় ঘোষণা অথবা আত্মহত্যা করার বিষয়টি গভীরভাবে বিবেচনা করার বিষয়টির প্রচণ্ড প্রতিক্রিয়া আছে, এমনকী যদিও এটি ঠাট্টা করে অথবা অন্যদের হুমকি দেবার জন্য বলা হয়ে থাকে তথাপি এর নিদারুণ ফল আছে।

এই ধরণের মন্তব্য করার ফলে অনেক ব্যক্তি মর্মান্তিকভাবে তাদের মৃত্যু ডেকে এনেছে।

কয়েকটি পরিবারে, স্বামীরা তাদের কাছে পরিবেশিত খাদ্যের গুণগত মানের বিষয়ে রান্না সম্পর্কে তাদের স্ত্রীদের সমালোচনা করে থাকেন, এমনকী তারা এটাও বলে থাকে এই খাবার তাদের মৃত্যুর দিকে পরিচালিত করতে পারে। এটি বোঝা উচিত, যে ব্যক্তিরা এই ধরণের কথা বলে তারা তাদের নিজের জীবনের প্রত্যাশা নির্ধারণ করছেন। একই ভাবে, কিছু সংখ্যক বাবা মায়েরা তাদের সন্তানদের প্রতিবেশী সঙ্গীদের সঙ্গে তুলনা করে ছোট করে কথা বলে, তারা আঘাতপূর্ণ কথা বলে তাদের নিজেদের সন্তানদের ছোট করে। এই আঘাতপূর্ণ আচরণ কেবল শিশুটির আত্ম-সম্মানবোধকে প্রভাবিত করে না কিন্তু তাদের জীবনে নেতিবাচক ফলগুলিকেও আমন্ত্রণ করে।

প্রেরিত পিতর তাঁর জীবনে একই ধরণের পরিস্থিতির সম্মুখীন হয়েছিলেন, যা মার্ক ১৪:৬৬-৭২ পদে বর্ণিত হয়েছে। মহাযাজকের প্রাঙ্গণে পিতর তিনটি বিভিন্ন সময়ে যীশুর সঙ্গে তাঁর যুক্ত থাকার বিষয়টি অস্বীকার করেছিলেন। তাঁর শেষ অস্বীকৃতির সময়, তিনি এমনকী অভিশাপ দিয়েছিলেন এবং দিব্য করেছিলেন। তাঁর এই হঠকারী আচরণের ফলশ্রুতি হিসাবে তিনি অর্থপূর্ণ স্ব-আরোপিত অভিশাপের মধ্যে পতিত হয়েছিলেন। তাঁর এই কাজের জন্য পরবর্তী অনুতাপ এবং গভীর অনুশোচনা প্রকাশ করা সত্ত্বেও, পিতর অজ্ঞাতভাবে তাঁর কথাগুলোর জন্য তাঁর নিজের ওপর পরিণতিগুলি এনেছিলেন।

তিনদিন পর একটি উজ্জ্বল মুহূর্ত ঘটেছিল যখন স্ত্রীলোকেরা যীশুর কবরে ঈশ্বরের দূতের সঙ্গে মিলিত হয়েছিলেন, যিনি সেই স্ত্রীলোকদের পিতর সহ শিষ্যদের বলার নির্দেশ দিয়েছিলেন, যে যীশু উঠেছেন এবং তিনি তাদের সঙ্গে গালীলে মিলিত হবেন (মার্ক ১৬:৭)। এই ঘটনাটি পিতরের কথাগুলির প্রতিক্রিয়া দৃষ্টিগোচর করে, ঠিক যেন তিনি আর যীশুর শিষ্য হিসাবে স্বীকৃত হবেন না। তাঁর নিজের কথা এবং কাজের মাধ্যমে, পিতর যীশু খ্রীষ্টের একজন শিষ্য হওয়ার সুযোগ হারিয়ে ছিলেন...।

তাঁর দয়া এবং অনুগ্রহের প্রাচুর্যের কারণে,যীশু পিতরের সঙ্গে সাক্ষাৎ করার জন্য এবং তাঁর পুনরায় শিষ্যে পরিণত করার জন্য গালীলে গিয়েছিলেন। পিতর যীশুকে তিনবার অস্বীকার করেছিলেন, আর সেই কারণেই যীশু পিতরকে তিনবার জিজ্ঞাসা করেছিলেন, **"তুমি কি আমাকে ভালোবাসো?"** (যোহন ২১: ১৫-১৭)। যদিও পিতর উত্তর দিয়েছিলেন,"হাঁ, প্রভু, আপনি জানেন আমি আপনাকে ভালোবাসি," তথাপি তিনি দুঃখিত হয়েছিলেন যখন যীশু তাকে তিনবার জিজ্ঞাসা করেছিলেন। যাইহোক, তিনি বুঝতে পারেননি যে যীশু তাঁকে ভালোবাসার বিষয় স্বীকার করানোর দ্বারা পিতরের তিনবার যীশু অস্বীকার করার বিষয়টি বাতিল করছিলেন। এটা করার দ্বারা, যীশু পিতরকে তিনবার তাঁকে অস্বীকার করার পাপ স্বীকার করিয়েছিলেন, এইভাবে তিনি তাকে তাঁর একজন শিষ্য হিসাবে পুনরায় প্রতিষ্ঠিত করেছিলেন।

ইস্রায়েলের লোকেরা যীশুর শিক্ষা শুনেছিল কিন্তু তাঁকে গ্রহণ করেনি। যীশুকে যখন পীলাতের সামনে আনা হয়েছিল, তিনি যীশুর মধ্যে কোনও পাপ দেখতে পাননি এবং তিনি যীশুকে মুক্ত করতে চেয়েছিলেন। যাইহোক, কিন্তু সেই সময়কার ইহুদিরা চীৎকার করেছিল, **"উহাকে ক্রুশে দেওয়া হোক...উহার রক্ত আমাদের উপরে ও আমাদের সন্তানদের উপরে বর্ত্তুক"** (মথি ২৭:২২,২৫)। তাদের নিজেদের কথার মাধ্যমে ইহুদীরা তাদের উপরে অভিশাপ এনেছিল। ইতিহাসে নথিভুক্ত আছে একটি প্রজন্মের মধ্যেই, রোমীয় সৈন্যবাহিনী জেরুশালেম অধিকার করেছিল, এবং এমনকী এখনও, ইহুদীরা সারা পৃথিবীতে ছড়িয়ে আছে।

## ৩। প্রতিমাগুলি তৈরী করা ঈশ্বরের অভিশাপকে আমন্ত্রণ করার সমান

**"নিজের জন্য তুমি উর্দ্ধস্থ স্বর্গের বা অধঃস্থ পৃথিবীর বা জলরাশির তলার কোনো কিছুর আকৃতিবিশিষ্ট কোনও প্রতিমা তৈরী করবে না বা তাদের আরাধনা করবে না। তুমি তাদের কাছে মাথা নত করবে না বা তাদের আরাধনা করবে না; কারণ আমি, তোমার ঈশ্বর সদাপ্রভু, এক ঈর্ষান্বিত ঈশ্বর, বাবা-মার করা পাপের কারণে সন্তানদের শাস্তি দিই, যারা আমাকে ঘৃণা করে তাদের তৃতীয় ও চতুর্থ প্রজন্ম পর্যন্ত দিই"** (যাত্রাপুস্তক ২০:৪,৫)।

আমরা বুঝতে পারি যে যারা ঈশ্বরের সঙ্গে প্রতিমাগুলিকে সমান করে তারা ঈশ্বরের শত্রুতে পরিণত হয়। এই ব্যক্তিরা দুঃসাহসীভাবে সাপ, হনুমান, এবং হাতীর মতো তুচ্ছ প্রাণীদের ঈশ্বরের সমান করে। সর্বশক্তিমান সদাপ্রভুকে, ঈশ্বরদের ঈশ্বরকে এবং রাজাদের রাজাকে এই সমস্ত সত্তা এবং বিনাশযোগ্য সত্তাগুলোর সঙ্গে তুলনা করার মধ্যে দিয়ে ঈশ্বরের মর্যাদাহানি করার দ্বারা সদাপ্রভু ঈশ্বরের ক্রোধ প্রজ্বলিত করে, যিনি নিশ্চিতভাবে এই প্রতিমাপূজকদের তৃতীয় ও চতুর্থ প্রজন্ম পর্যন্ত বিচার করবেন।

বিষয়টি আমাকে আরও বিশদ্ভাবে ব্যাখ্যা করতে দিন। আপনি যখন একজন নেতাকে মালা পড়িয়ে সম্মান দিতে চান, তখন কি আপনি একটি বাঁদরের গলায় মালা দেবেন? তাহলে আপনি যে ব্যক্তিকে সম্মানিত করতে চান তাকে নিশ্চিতভাবে অসম্মানিত করা হবে। অনুগ্রহ করে এই বিষয়টিকে গভীরভাবে চিন্তা করুন। বাইবেল আমাদের নির্দেশ দেয়, **"সেই কারণে, আমার প্রিয় বন্ধুরা, তোমরা প্রতিমা পূজা থেকে পলায়ন করো"** (১ করি. ১০:১৪)। এই স্বর্গীয় আজ্ঞাটিকে উপেক্ষা করা নিঃসন্দেহে আপনার উপর অভিশাপ আনবে। এই বিষয় গভীরভাবে বিবেচনা করুন এবং সিদ্ধান্ত নিন।

## ৪। আপনি যদি আপনার বাবা এবং মাকে সম্মান করার বিষয়টিকে অবহেলা করেন, তাহলে আপনি অভিশপ্ত হবেন:

**"তোমার বাবাকে ও তোমার মাকে সম্মান কোরো, যেন তুমি সেই দেশে দীর্ঘকাল বেঁচে থাকতে পারো, যেটি তোমার ঈশ্বর সদাপ্রভু তোমাকে দিচ্ছেন"** (যাত্রা ২০:১২)। এই পদটির অন্তর্নিহিত অর্থ হচ্ছে আপনি যদি আপনার বাবা এবং মাকে সম্মান করতে ব্যর্থ হন তাহলে এই জগতে আপনার আয়ু কমে যাবে। ঈশ্বর যখন বলেন যে "আমরা দীর্ঘ দিন বেঁচে থাকবো," তখন তিনি বুঝাতে


বিনামূল্যে মাসিক পত্রিকা

**আহ্বানের প্রতিধ্বনি**

লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।



**TAX EXEMPTION**

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| **Account Name** | : **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : **1023 2923 805** |
| **Bank Name** | : **STATE BANK OF INDIA** |
| **Branch** | : **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : **SBIN 0000249** |
| **SWIFT Code** | : **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## সদাপ্রভু আশ্চর্য কাজগুলি করেছিলেন!

আমি দক্ষিণ ভারতের একটি শহর, উটিতে শেষ দিনের সভার জন্য প্রস্তুত হচ্ছিলাম, যখন আমি ভেলোর থেকে আমার এক বন্ধুর স্ত্রীর কাছ থেকে একটি নিদারুণ বেদনাদায়ক ফোন কল পেয়েছিলাম। তিনি কাঁদতে কাঁদতে আমাকে জানিয়েছিলেন, "প্রিয় ভাই, আমার স্বামী, মি. শমূয়েল জয়সেলান, বুকে প্রচণ্ড যন্ত্রণা অনুভব করছিল এবং সে এখন হাসপাতালে ভর্তি আছে। আগেই তার হার্ট সার্জারী হয়েছিল, আরেকটি অপারেশনের মধ্যে দিয়ে যাওয়ার পক্ষে সে খুবই দুর্বল। অনুগ্রহ করে এখনই এখানে চলে আসুন।"

ঐ রাতেই আমি ভেলোরের উদ্দেশে যাত্রা করেছিলাম এবং অপারেশন থিয়েটারে নিয়ে যাবার শেষ মুহূর্তে তাকে অপারেশনের জন্য প্রস্তুত করার উদ্দেশে আমি হাসপাতালে পৌঁছেছিলাম। গভীর চিন্তার মধ্যে, আমি তার মাথায় হাত রেখেছিলাম এবং প্রার্থনা করেছিলাম, "হে প্রভু, এবার সার্জারীর মধ্যে দিয়ে যাবার সময় তুমি আমার বন্ধুকে রক্ষা করো। তাকে অলৌকিক ভাবে আরোগ্য দান করো।" উপস্থিত চিকিৎসকের ব্যাঙ্গাত্মক এবং হতাশকারী মন্তব্যগুলি সত্ত্বেও আমি আমার বিশ্বাসে স্থির ছিলাম। যতক্ষণ না তাকে অপারেশন থিয়েটারে নিয়ে যাওয়া হয়েছিল ততক্ষণ আমি আমার বন্ধুর পাশে ছিলাম, আমার বন্ধুর পাশে তার পরিবারের যে সদস্যরা ছিল তারা আশা হারিয়ে ফেলেছিল।

আমি যখন অপারেশন থিয়েটারের বাইরে দাঁড়িয়ে ছিলাম, আমি অবিরত প্রার্থনা করছিলাম, তাঁর উপর বিশ্বাস রেখেছিলাম। এক ঘণ্টা পর, ডাক্তারবাবু থিয়েটার থেকে বাইরে এসেছিলেন, আর আমি উদ্বিগ্নভাবে জিজ্ঞাসা করেছিলাম, "ডাক্তারবাবু, আমার ভাই কেমন আছে?" আমাকে অবাক করে তিনি বলেছিলেন, "অপারেশনের প্রয়োজন নেই। একটা ভাল্ব দুর্বল আছে যা ওষুধ দিয়ে ঠিক করা যাবে।" ঈশ্বর আমার প্রার্থনার উত্তর দিয়েছিলেন, অপারেশন ছাড়াই আমার বন্ধুকে তিনি সুস্থ করেছিলেন।

ঈশ্বরের প্রশংসা হোক, যিনি অবিরত আমার জীবনে অলৌকিক কাজ করে চলেছেন।

************

চান যে তিনি আমাদের সন্তোষজনক আর্থিক অবস্থা দেবেন, সুস্বাস্থ্য দেবেন, আমাদের পরিবারে সংহতি দেবেন, এবং আমাদের মনে শান্তি দেবেন। কেবল এই আশীর্বাদগুলিরসহ আমরা সত্যি করে দীর্ঘদিন বেঁচে থাকতে পারি এবং আমাদের জীবন সম্পূর্ণ হতে পারে।

আজকের প্রজন্ম প্রায়ই তাদের প্রাচীন বাবা এবং মায়েদের তত্ত্বাবধান করার গুরুত্বের বিষয়টি এড়িয়ে যায়, তাদেরকে আশীর্বাদের পরিবর্তে বোঝা হিসাবে দেখে। এর পরিণতি হিসাবে, অনেক বরিষ্ঠ ব্যক্তিদের আরামযোগ্য সুযোগ সুবিধা ছাড়া 'বৃদ্ধাশ্রমে' আশ্রয় নিতে হয়। বাবা মা এবং সন্তানদের মধ্যে বিভিন্ন বিষয়ে বিবাদ উৎপন্ন হওয়ার বিষয়টিও এখন অস্বাভাবিক বিষয় নয়, বিশেষ করে আত্মিক বিষয়গুলি নিয়ে, কয়েক সময় প্রাচীন প্রজন্মের শিক্ষার অভাব থাকে এবং তারা তাদের থেকে কনিষ্ঠ প্রজন্মের পছন্দগুলো বুঝতে পারে না। যে কোনও অসম্মতি অথবা বাধাগুলির বিষয় চিন্তা না করে, পরবর্তী প্রজন্মের ব্যক্তিদের দায়িত্ব হচ্ছে তাদের বাবা মায়েদের অধ্যবসায়ের সঙ্গে তত্ত্বাবধান করা, তাদের প্রতি ভালোবাসা এবং সম্মান প্রদর্শন করা। এই কর্তব্যকে অবহেলা করার বিষয়টি একজন ব্যক্তির জীবনকে আশীর্বাদ হারানোর দিকে চালিত করতে পারে।

### ৫। ঈশ্বরের মণ্ডলীর বিরুদ্ধে কাজ করার বিষয়টি আপনার জন্য অভিশাপ আনতে পারে :

" **কেউ যদি ঈশ্বরের মন্দির ধ্বংস করে, ঈশ্বর তাকে ধ্বংস করবেন ...**" (১ করিন্থীয় ৩:১৭)। **"ইহুদি, গ্রিক, কি ঈশ্বরের মণ্ডলী, কারও বিঘ্নের কারণ হয়ো না"** (১ করিন্থীয় ১০:৩২)।

মণ্ডলী সম্পর্কীয় মতবাদগুলি স্পষ্ট এবং অর্থপূর্ণ। সাধু পৌল এই মন্তব্য করার দ্বারা এই বিষয়টি স্বীকার করেছেন, **এ এক বিশাল রহস্য**...ইফিষীয় ৫:৩২। ইফিষীয় ৫:২৬-২৭ **পদে, লিখিত আছে, যেন তাকে পবিত্র করেন, বাক্যের মাধ্যমে জলে বিধৌতকরণের দ্বারা তাকে পরিষ্কৃত করেন এবং তাকে নিজের কাছে নিষ্কলঙ্ক, অবিকৃত এবং অন্য কোনও কলুষতাহীনভাবে, পবিত্র ও অনিন্দনীয় একটি প্রদীপ্ত মণ্ডলীরূপে উপস্থিত করেন**...এই কারণেই খ্রীষ্ট নিজেকে বলিরূপে উৎসর্গ করেছিলেন। যীশু স্বয়ং ঘোষণা করেছিলেন, ...**আর আমি এই পাথরের উপরে আমার মণ্ডলী নির্মাণ করব। আর পাতালের দ্বারগুলি এর বিপক্ষে জয়ী হতে পারবে না।** মথি ১৬:১৮। সদাপ্রভু ঈশ্বর তাঁর মণ্ডলীকে কত গভীরভাবে ভালোবাসেন এটি সেই বিষয়টি ব্যাখ্যা করে, যার জন্য তিনি তাঁর নিজের রক্ত দিয়ে মূল্য পরিশোধ করেছিলেন। সেই কারণে, এটি স্পষ্ট যে যারা মণ্ডলীকে ধ্বংস করার চেষ্টা করে তাদের শাস্তি দানের বিষয় তিনি বিরত থাকবেন না।

কিন্তু কয়েক জন ঈশ্বরের মণ্ডলীর সম্পর্কে খারাপ কথা বলে, কয়েক জন মণ্ডলীর সম্পত্তি লুণ্ঠন করে এবং চার্চের মতবাদগুলিকে তাচ্ছিল্য করে এবং কঠোরভাবে সমালোচনা করে। কিছু সংখ্যক ঈশ্বরের সন্তানরা আছে যারা ঈশ্বরের জন্য আত্মাদের রক্ষা করার জন্য কঠোর পরিশ্রম করে। কিন্তু কিছু দুষ্ট ব্যক্তি আছে যারা তাদের চার্চে প্রবেশ করে, নতুন বিশ্বাসীদের বিভ্রান্ত করে এবং তাদের নিজেদের চার্চ স্থাপন করার জন্য তাদেরকে চার্চ থেকে বের করে আনে। এই লোকেরা ঈশ্বরের সেবা করে না; পরিবর্তে, তারা আত্মাদের ভ্রষ্ট করে। কয়েক জন লোক জনপ্রিয়তা লাভ করার জন্য

তাদের চার্চের বিরুদ্ধে ভুল তথ্য ছড়াতে দ্বিধাবোধ করে না। ঈশ্বর এই ধরণের উপহাসকারীদের সহ্য করেন না। তিনি নিশ্চিতভাবে বলেন, ..."**আমি কখনও তোমাদিগকে জানি নাই; হে অধর্ম্মাচারীরা, আমার নিকট হইতে দূর হও**" মথি ৭:২৩। এটি কত নিষ্ঠুর হবে!

এইভাবে, যারা তাঁর চার্চের বিরোধীতা করে ঈশ্বর তাদের শাস্তি দেন এবং তাঁর সেবা করার কাজে তাঁর দাসদের অভিষিক্ত করার জন্য আহ্বান করেন। শাস্তি এবং অভিশাপ প্রজন্ম থেকে প্রজন্মে স্থায়ী হয়। জগতের ইতিহাসে এবং বাইবেলের ইতিহাসে এই বিষয়টির সত্যতা প্রমাণিত হয়েছে।

**এখানে কয়েকটি উদাহরণ দেওয়া হল:**

১। গেহসী ইলিশায় ভাববাদীর পরিচারক ছিল। ইলিশায় অরামের রাজার সেনাপতি, নামানকে কুষ্ঠ রোগ থেকে সুস্থ করেছিলেন। যাইহোক, গেহসী তার মনিবের ইচ্ছার বিরুদ্ধে নামানের কাছ থেকে উপহার গ্রহণ করে তার মনিবকে ঠকানোর কারণে, কুষ্ঠরোগের শাপে অভিশপ্ত হয়েছিল এবং তাকে ঈশ্বরের উপস্থিতির সামনে থেকে চলে যেতে হয়েছিল। এই অভিশাপ উত্তরাধিকার সূত্রে তার বংশের মধ্যেও সংক্রামিত হয়েছিল। এই ঘটনাটির ২ রাজা৫:২০-২৭ পদে নথিভুক্ত আছে।

২। প্রভুর পরিচর্যা কাজে দান করার অভিপ্রায়ে অননীয় এবং তাঁর স্ত্রী সাফিরা তাদের সম্পত্তি বিক্রি করেছিল। যাইহোক, পিতরের কাছ থেকে সত্য গোপন করার ফলে তাদের মৃত্যুর সম্মুখীন হতে হয়েছিল (প্রেরিত ৫:১-১০)।

তাঁর মণ্ডলী এবং তাঁর পরিচারকদের ঠকানোর জন্য এবং তাদের বিরুদ্ধে কাজ করার জন্য ঈশ্বর ব্যক্তি, সরকার, এবং সাম্রাজ্যগুলির উপরেও বিনাশ এনেছিলেন। যারা তাঁর প্রজাদের তত্ত্বাবধান করার জন্য আহূত হয়েছেন সেই প্রকৃত ঈশ্বরের দাসদের যারা অনিষ্ট করে এবং তাদের প্রতি ক্লেশ আনে, তারা তাঁর শাস্তির সম্মুখীন হবে।

পরিচর্যা কাজে আমার ব্যক্তিগত অভিজ্ঞতার মধ্যে, আমি প্রথমেই এর সাক্ষী হয়েছি। আমার পরিচর্যা কাজের প্রথম দিনগুলিতে, কয়েক জন ব্যক্তি মনে করেছিল যে কোনও পরিণতি ছাড়াই তারা আমাকে অভিযুক্ত করতে পারবে। তারা আমার সরকারী অফিসে প্রবেশ করেছিল, আমার নামে অভিযোগ করেছিল, এবং আমার উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে আমার সম্পর্কে খারাপ কথা বলেছিল। তারা আমার দিকে অঙুল তুলেছিল, আমার সম্পর্কে এবং আমার পরিচর্যা কাজ সম্পর্কে মিথ্যা কথা বলেছিল এবং আমাকে ভীষণভাবে হতাশ করেছিল। যাইহোক, ঈশ্বর আমার পক্ষে দাঁড়িয়েছিলেন এবং তাদের পতন এনেছিলেন। তাদের মধ্যে কয়েক জন এখন পাগলের মতো রাস্তায় রাস্তায় ঘুরে বেড়ায়।

সম্প্রতি, আমাদের চার্চের কাছেই বসবাসকারী কয়েক জন ব্যক্তি আমাদের অসুবিধা সৃষ্টি করার এবং আমাকে মানসিকভাবে কষ্ট দেবার চেষ্টা করেছিল, এদের মধ্যে কয়েক জন এমনকী আমাকে শারীরিকভাবে আক্রমণ করার চেষ্টা করেছিল।

আমি যে আমাদের চার্চের সামনে আমার গাড়ীটা রাখছিলাম তারা সেটা সহ্য করতে পারছিল না। তাদের এই বাধাজনক আচরণের জন্য আমাকে আমাদের মিনি বাসটা অনেক কম দামে বিক্রি করে দিতে হয়েছিল যেটা আমরা ঈশ্বরের কাজের জন্য ব্যবহার করতাম। যাইহোক, সেই ব্যক্তিরা অল্প কয়েক দিনের মধ্যেই দুরারোগ্য অসুখে মারা গেছে। তাদের পরিবারের সদস্যরাও এই দুর্দশার অভিজ্ঞতা লাভ করেছিল, তাদেরকে তাদের ঘরবাড়ী ছেড়ে অন্যত্র চলে যেতে হয়েছিল। এই বড় যৌথ পরিবারগুলিকে অসংখ্য চ্যালেঞ্জ এবং সমস্যার সম্মুখীন হতে হয়েছিল, তাদেরকে তাদের বিষয় সম্পদ সমস্ত কিছু অনেক কম দামে বিক্রি করে দিতে হয়েছিল এবং আমাদের এলাকা থেকে অন্য এলাকায় চলে যেতে হয়েছিল। এক সময়ের ঐক্যবদ্ধ পরিবার এখন ছিন্নভিন্ন হয়ে গেছে, প্রত্যেকটি সদস্য এখন শহরের বিভিন্ন স্থানে বসবাস করছে। যার ফলস্বরূপ, এখানে আর কেউ আমাদের পরিচর্যা কাজে বাধা সৃষ্টি করছে না। এর জন্য দায়ী কে, এবং এর অন্তর্নিহিত কারণ কী?

অনুগ্রহ করে এই বিষয়টি গভীরভাবে চিন্তা করবেন।

## 7 অভিশাপ থেকে আশীর্ব্বাদে উত্তরণের সাতটি আজ্ঞা:

১। প্রভু যীশু খ্রীষ্টে আপনার বিশ্বাস স্বীকার করুন এবং তিনি আপনার জন্য যে বলিদান উৎসর্গ করেছেন তা স্বীকার করুন।

২। অনুতাপ করুন, আপনার অনমনীয় এবং পাপপূর্ণ পথগুলো ত্যাগ করুন, এবং বাপ্তাইজিত হন।

৩। যারা আপনার প্রতি অন্যায় করেছে তাদের ক্ষমা করুন।

৪। শয়তানের সমস্ত প্রভাবগুলি থেকে দূরে এবং প্রতিমার সঙ্গে যুক্ত সমস্ত ক্রিয়াকলাপগুলি থেকে দূরে থাকুন।

৫। যীশু খ্রীষ্ট প্রদত্ত ক্ষমার উপর আস্থা রাখুন এবং সম্পূর্ণরূপে তাঁর উপর নির্ভর করুন। তাঁর রক্তের মাধ্যমে তাঁর ক্ষমা এবং স্বাধীনতা যাচ্ঞা করুন।

৬। যেখানে লোকেরা আত্মায় এবং সত্যে যীশু খ্রীষ্টের আরাধনা করে সেই চার্চের উপাসনা সভায় যোগদান করুন। আপনি আপনার ঘরের কাছের একটি চার্চ বেছে নিন। যীশু খ্রীষ্টের সঙ্গে সংযুক্ত থাকুন এবং চার্চের সঙ্গে এবং পালকের সঙ্গে যুক্ত থাকুন।

৭। নিয়মিত বাইবেল পাঠ এবং প্রার্থনার মাধ্যমে বিভিন্নভাবে প্রভু যীশু খ্রীষ্টের সেবা করুন।

********

# অনুগ্রহ করে মনোযোগ দিন

## পাস্টর এস.স্যাম সেলভা রাজের আত্মজীবনী!

আমরা পাস্টর এস. স্যাম সেলভারাজের আত্মজীবনী পুস্তকরূপে প্রকাশ করার কাজ সম্পূর্ণ করার প্রায় শেষ ধাপে এসে উপস্থিত হয়েছি। ঈশ্বর কীভাবে তাঁর পরিচর্যা কাজের মাধ্যমে আপনার আত্মিক বৃদ্ধিকে প্রভাবিত করেছেন সেই বিষয়ে দশ লাইনের মধ্যে সাক্ষ্য লিখে পাঠানোর অনুরোধ জানাচ্ছি। এছাড়াও আত্মজীবনী পুস্তকটিতে অন্তর্ভুক্ত করার জন্য ফটো পাঠানোর জন্যেও আমরা আপনাদের অনুরোধ জানাচ্ছি।

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## Echo of His Call

**YouTube**
Please subscribe

Kindly view and subscribe our **Echo of His Call YouTube Channel** when you get time. Thanks.
- Editor

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

| | |
|---|---|
| Branch | : **Triplicane, Chennai-5** |
| Name | : **S. Sam Selva Raj** |
| A/C No. | : **1023 2934 679** |
| IFSC | : **SBIN 00 00 249** |

SWIFT CODE : **SBI NIN BB 455**

### *2. Bank : ICICI Bank*

| | |
|---|---|
| Branch | : **Anna Salai, Chennai-6** |
| Name | : **Echo of His Call** |
| A/C No. | : **6038 0502 2319** |
| IFSC | : **ICIC 000 6038** |

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

| | |
|---|---|
| Branch | : **Triplicane, Chennai-5** |
| Name | : **Echo of His Call Educational Trust** |
| A/C No. | : **1023 2923 805** |
| IFSC | : **SBIN 00 00 249** |

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিণ্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্ব্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

**ECHO OF HIS CALL**
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852, 95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/24-26
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at "Egmore RMS / 1 Patrika Channel"
on 14th SEPTEMBER 2024
If un-delivered please return to:
ECHO OF HIS CALL (BENGALI)
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

*JESUS LOVES YOU!*

To

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**